

হলদিয়া সরকারি মহাবিদ্যালয়

স্নাতকস্তরে (সাম্মানিক ও সাধারণ) ভর্তি ২০২০-২০২১

ই-অ্যাডমিশনের জন্যে নির্দেশিকা

১। ই-অ্যাডমিশনের জন্যে এলিজিবল ক্যান্ডিডেটদের তালিকা যা আসন-সংখ্যা ও মেধার ভিত্তিতে প্রস্তুত, তা প্রতি পর্বের অ্যাডমিশনের আগে অ্যাডমিশন-পোর্টালে (ugportal.hgcadmission.org) দেখানো হবে ।

২। ক্যান্ডিডেটদের “Steps for e-Admission” ভালো করে দেখতে অনুরোধ করা হচ্ছে , যা দেওয়া রয়েছে কলেজ ওয়েবসাইট কিংবা অ্যাডমিশন-পোর্টালে www.haldiagovtcollege.org.in কিংবা <http://ugportal.hgcadmission.org>

৩। প্রদত্ত নির্দিষ্ট সময়সীমার মধ্যেই ক্যান্ডিডেটদের অনলাইন মোডে, যেমন ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড, নেট ব্যাঙ্কিং ইত্যাদির মাধ্যমে পেমেন্ট করার জন্যে নির্দেশ দেওয়া হবে।

৪। ভর্তির প্রতি পর্বেই সুযোগ পাওয়া ছাত্রছাত্রীকে মোবাইলে বার্তা পাঠানো হবে। তবু, ছাত্রছাত্রীদের কাছে অনুরোধ থাকবে কলেজ ওয়েবসাইটটি অনুসরণ করার জন্যে, যা থেকে ছাত্রছাত্রীরা নিয়মিত আপডেটেড খবর পেতে পারে।

৫। যদি কোনও আবেদনকারী ছাত্রছাত্রী ভর্তির কোনও পর্বের মেরিট লিস্টে সুযোগ পেয়েও ভর্তি না হয় ও যদি নির্দিষ্ট সময়ের মধ্যে ই-পেমেন্ট না করে তবে সে আর আর ভর্তির সুযোগ পাবে না। কারণ ই-অ্যাডমিশনের পদ্ধতি অনুযায়ী ওই অ্যাডমিশনের তারিখ ও সময় অতিক্রান্ত হয়ে গেলে পরবর্তী ক্যান্ডিডেট পরবর্তী মেধাতালিকায় ভর্তির সুযোগ পাবে।

৬। যদি কোনও ক্যান্ডিডেট কোনও একটি সাবজেক্টের ভিত্তিতে ই-অ্যাডমিশন-এ অর্থ প্রদান করে ফেলে এবং অন্য সাবজেক্টে ভর্তি হতে চায়, তাহলে তাকে ই-অ্যাডমিশন চলাকালীনই পূর্ববর্তী বিষয়টি বাতিল বা ক্যান্সেল করতে হবে। নাহলে সে নতুন পছন্দের বিষয়টি গ্রহণ করতে গিয়ে অ্যাডমিশনের জন্যে অর্থপ্রদান করতে পারবে না। উদাহরণ-- কোনও ক্যান্ডিডেট যদি ই-অ্যাডমিশনের কোনও পর্বে সাম্মানিক বাংলায় অ্যাডমিশন গ্রহণ করে এবং পরে সাম্মানিক শিক্ষাতত্ত্বে সুযোগ পায় ও দ্বিতীয়টি নিয়েই পড়তে আগ্রহী থাকে, তবে তাকে অনলাইনে বাংলার অ্যাডমিশন বাতিল করে শিক্ষাতত্ত্বের জন্যে অর্থ প্রদান করতে হবে। এক্ষেত্রে প্রদান করা অতিরিক্ত অর্থ তথ্যাদি যাচাইয়ের সময় কলেজ কর্তৃপক্ষ ফেরতের ব্যবস্থাও করবে।

৭। প্রত্যেক ক্যান্ডিডেটকে অনুরোধ করা হচ্ছে, ই-অ্যাডমিশনের সময় কোথাও আগের থেকেই ভর্তি হয়ে থাকলে সে ব্যাপারে সঠিক তথ্য জানানো। অন্য কোথাও ভর্তি হয়ে থাকা ক্যান্ডিডেটকে এই শর্তেই সুযোগ দেওয়া হবে যে তাকে পূর্ববর্তী কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠান থেকে সাত দিনের মধ্যে ‘cancellation statement’ সংগ্রহ করে তার স্ক্যানড কপি এই ই-মেইল আইডি -- admission.haldiagovtcollege@gmail.com -তে পাঠাতে হবে। ‘cancellation statement/Transfer certificate’ এর হার্ড কপি অ্যাডমিশন-কমিটির কাছে অবশ্যই তথ্যাদি যাচাইয়ের সময় জমা দেওয়া বাধ্যতামূলক। এটা প্রত্যাশিত যে একজন ক্যান্ডিডেট একই সময় একাধিক কলেজে আসন দখল করে থাকবে না।

৮। যে সমস্ত আবেদনকারীরা ভর্তি হওয়ার সুযোগ পেলেন, তাদের অবশ্যই ‘Anti-ragging affidavit’, যার লিঙ্ক দেওয়া রয়েছে কলেজ ওয়েবসাইট কিংবা অ্যাডমিশন-পোর্টালে, সোটি সাবমিট করতে হবে। এই ‘Anti-ragging affidavit’ যে অনলাইনে জমা হয়েছে তার একটি প্রিন্ট আউট নিয়ে রাখতে হবে ও ক্লাস আরম্ভের দিনে অ্যাডমিশন-কমিটিকে তা অবশ্যই দিতে হবে।

৯। ক্যান্ডিডেটদের সুস্পষ্টভাবে জানানো হচ্ছে যে, ভর্তি প্রক্রিয়া চলাকালীন কলেজে ভর্তি-কেন্দ্রিক কোনও বিষয় জানার জন্যে কিংবা অন্য কোনও প্রয়োজনে আসা কাম্য নয়। যখন ক্লাস শুরুর কথা কলেজ ওয়েবসাইটে ঘোষণা করা হবে, তখন কলেজে এসে রিপোর্ট করতে হবে। সেই সঙ্গে অ্যাডমিশন-নোটিসে উল্লেখ করা সবকটি টেস্টমনিয়াল ও ডকুমেন্টের অরিজিনাল এবং তার নকলও অবশ্যই আনতে হবে। যদি অনলাইন পদ্ধতিতে ভর্তি হওয়া কোনও ক্যান্ডিডেট ভেরিফিকেশনের সময় কিংবা ক্লাস আরম্ভের তারিখে রিপোর্ট না করে এবং কলেজ-কর্তৃপক্ষকে কিছু না জানিয়ে একটানা দুই সপ্তাহ অনুপস্থিত থাকে তবে কলেজ কর্তৃপক্ষ তার ভর্তি বাতিল করে দিতে পারে।

১০। অনলাইন পদ্ধতিতে হওয়া সমস্ত অ্যাডমিশন কিন্তু প্রভিশনাল। তথ্য যাচাইয়ের সময় অনলাইনে দেওয়া তথ্য আর প্রকৃত তথ্যের মধ্যে অসঙ্গতি থাকলে কিংবা মিথ্যে কিছু উপস্থাপন করা হয়েছে এমন প্রমাণিত হলে অনলাইনের অ্যাডমিশন কিন্তু বাতিল হয়ে যেতে পারে।

sd/-

Officer-in-Charge
Haldia Government College